

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ'-এর শূন্য পদ পূরণের লক্ষ্যে অত্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত পদে ও বেতন স্কেলে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। পদগুলোর জন্য আবশ্যিকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নীচে দেয়া হলো :-

ক্র.নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	আবেদনের যোগ্যতা
০১.	সহকারী পরিচালক (গ্রেড-৯) টঃ ২২০০০-৫৩০৬০/-	১০টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন, গণিত, পরিসংখ্যান, অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) অথবা প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী।
০২.	নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর (গ্রেড-৯) টঃ ২২০০০-৫৩০৬০/-	০১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার প্রকৌশল এ ৪ (চার) বৎসর মেয়াদী অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ (স্নাতক) সম্মান ডিগ্রী।
০৩.	কর্মকর্তা (গ্রেড-১১) টঃ ১২৫০০-৩০২৩০/-	২২টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) অথবা প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী।
০৪.	প্রোগ্রাম অপারেটর (গ্রেড-১১) টঃ ১২৫০০-৩০২৩০/-	০৩টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী।
০৫.	চেয়ারম্যান ও সদস্যগণের সহকারী (গ্রেড-১৪) টঃ ১০২০০-২৪৬৮০/-	০৫টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য স্নাতক বা সমমানের ডিগ্রী এবং কম্পিউটার চালনায় পারদর্শী।

আবেদনকারীদের জন্য শর্তাবলী :

- অত্রহী প্রার্থীগণকে অবশ্যই নির্ধারিত ওয়েবসাইট <http://idra.teletalk.com.bd> এ **Online Application Form** পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীকে ফরম পূরণের নির্দেশিকা (সংশ্লিষ্ট ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক ফরম পূরণ করতে হবে।
- আবেদনকারীর বয়সসীমা (২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে): সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যার ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপনের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনের সময়সীমা: i) **Online** এ আবেদনপত্র দাখিলের শুরুর তারিখ ও সময় ১৭ অক্টোবর ২০২১, সকাল: ১০.০০ ঘটিকা।
ii) **Online** এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় ৬ নভেম্বর ২০২১, সন্ধ্যা: ০৬.০০ ঘটিকা।
- উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস - এর মাধ্যমে আবেদনের ফি বাবদ-
ক) সহকারী পরিচালক/নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর পদের ক্ষেত্রে ৫০০/, খ) কর্মকর্তা/প্রোগ্রাম অপারেটর পদের ক্ষেত্রে ৩০০/ এবং গ) চেয়ারম্যান ও সদস্যগণের সহকারী পদের ক্ষেত্রে ২০০/ টাকা জমা দিতে হবে।
- IDRA নিয়োগ পরীক্ষা, ২০২১-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে আবেদনের ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট <http://idra.teletalk.com.bd>, কর্তৃপক্ষের ওয়েবসাইট <http://www.idra.org.bd> ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের <http://www.fid.gov.bd> তে পাওয়া যাবে।

তারিখ : ১৫ অক্টোবর, ২০২১

পরিচালক (উপসচিব)
ও
সদস্য সচিব
বাছাই কমিটি